12

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 04 AUG 1998 ...
পৃষ্ঠা 12 কলাম 3 ......

# ভুয়া মার্কশীট দিয়ে আর কলেজে ভর্তি হওয়া যাবে না

**শরিফুজ্জামান পিন্টু**

ভুয়া মার্কশীট বা সার্টিফিকেট দিয়ে এ বছর থেকে কলেজ বা মাদ্রাসায় ভর্তি হওয়া যাবে না। কেউ ভর্তি হলেও তা ধরার কৌশল আবিষ্কার করা হয়েছে। এসএসসি ও দাখিল পাস করা যেসব ছাত্রছাত্রী এইচএসসি বা আলীম পর্যায়ে ভর্তি হবে তাদের প্রত্যেকের মার্কশীট, সার্টিফিকেট ও রেজিষ্ট্রেশন নম্বর ভর্তির পর পরই বোর্ডগুলোতে যাচাইয়ের জন্য পাঠানো হবে। এমনকি কলেজ বা মাদ্রাসায় মার্কশীট ও সার্টিফিকেট ভর্তির সময় জমা রাখা হবে। এসব কাগজপত্র যাচাই করার জন্য বোর্ডগুলো নির্দিষ্ট পরিমাণ ফী আদায় করবে।

শিক্ষা মন্ত্রণালয়ে সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় এসব সিদ্ধান্ত

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## ভুয়া মার্কশীট

(১২-এর পাতার পর)

গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন আহমদ। সভায় বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় অসদুপায়ে ভুয়া কাগজপত্র দেখিয়ে কলেজে ভর্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। একজন বোর্ড চেয়ারম্যান সভাকে জানান, এক শ্রেণীর ছাত্র দাখিল পাস না করেও জাল নম্বরপত্র ও সার্টিফিকেট সংগ্রহ করে কলেজে ভর্তি হয়। দাখিল পরীক্ষার জাল মার্কশীট ও সার্টিফিকেট স্বাভাবিকভাবে ধরার কোন ব্যবস্থা নেই। সভায় এসএসসি'র সার্টিফিকেট ও মার্কশীটও জাল হচ্ছে বলে উল্লেখ করা হয়। জালিয়াতি করে কলেজে ভর্তি রোধে সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, কলেজে ভর্তি হবার পর পরই প্রত্যেক ছাত্রের মার্কশীট যাচাই করার জন্য বোর্ডে পাঠানো হবে। বোর্ড থেকে যাচাই হবার পর মার্কশীট কলেজে ফিরে এলে তা কলেজেই জমা রাখা হবে। যাতে ছাত্রছাত্রীরা অন্য কলেজে গিয়ে পরীক্ষা দেবার সুযোগ না পায়। এসব ব্যবস্থা গ্রহণের ফলে জালিয়াতি করে কলেজ ও মাদ্রাসায় ভর্তির সুযোগ বন্ধ হবে বলে সভায় অভিমত প্রকাশ করা হয়।